# সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সমবায় সমিতি আইন-২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ২৩(ক),(খ) ও ২৬ ধারার আলোকে নিম্নবর্ণিত বিষয়ে সর্বসাধারণকে সতর্ক করা যাচ্ছে:

ক) কোন সমবায় সমিতি তার কার্যক্রম পরিচালনার জন্য শাখা অফিস খুলতে পারবে না;
খ) সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক, কেন্দ্রীয় সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক, কেন্দ্রীয় সমবায় ব্যাংক এবং বাংলাদেশ সমবায় ব্যাংক ব্যতীত কোন প্রাথমিক সমবায় সমিতি, কেন্দ্রীয় সমবায় সমিতি বা জাতীয় সমবায় সমিতি তার নামের সাথে 'ব্যাংক' শব্দ ব্যবহার করতে পারবে না;
গ) কোন সমবায় সমিতি বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন ছাড়া ব্যাংকিং ব্যবসা পরিচালনা করতে পারবে না;
ঘ) কোন সমবায় সমিতি তার সদস্য ব্যতীত অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের কাছ থেকে আমানত গ্রহণ করতে পারবে না অথবা ঋণ প্রদান করতে পারবে না;

উল্লিখিত ধারার পরিপন্থি কার্যক্রম পরিচালনা দন্ডনীয় অপরাধ। আরও উল্লেখ করা যাচ্ছে যে, কোন সমবায় সমিতি কর্তৃক উচ্চ বা আকর্ষণীয় হারে সুদ/মুনাফার প্রলোভন দেখিয়ে আমানত সংগ্রহের প্রস্তাব ও প্রচেষ্টা সমবায় আইন ও বিধির পরিপন্থি। এ বিষয়ে সর্বসাধারণকে সতর্ক থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে।

এ সংক্রান্ত যে কোন বিষয়ে অধিক তথ্যের জন্য সংশ্লিষ্ট উপজেলা সমবায় কর্মকর্তার দপ্তরে যোগাযোগ করতে অনুরোধ করা যাচ্ছে।

জেলা সমবায় অফিসার
কুষ্টিয়া।